



সার্ভিস চার্জসমূহ সম্পর্কে

এস্টেট ব্যবস্থাপনা পরিষেবাসমূহ প্রদান এবং যৌথ বিষয়সমূহ রক্ষণাবেক্ষণের খরচ একটি পরিবর্তনশীল সার্ভিস চার্জের মাধ্যমে মেটানো হয়। প্রত্যেকের নিজ নিজ প্রপার্টি ও স্কীম অনুযায়ী সূক্ষ্মভাবে খরচ নির্ণয় করা হয়। প্রকৃত ও অনুমিত খরচের সঠিক বিবরণী আপনাকে প্রদান করা হয়ে থাকে।

টেন্যান্সি চুক্তিপত্রে আপনার আইনগত অধিকারসমূহ ব্যাখ্যা করার পাশাপাশি এমন একটি ধারা সংযুক্ত আছে যাতে বলা আছে যে, পরিষেবাসমূহে উল্লেখযোগ্য পরিবর্তনের ক্ষেত্রে গ্রুপের পক্ষ থেকে ক্ষতিগ্রস্ত বাসিন্দাদের এবং কোল স্বীকৃত অ্যাসোসিয়েশনের মতামত নেয়া হবে।